গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www. pmeat.gov.bd

স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/২৯০/১ (৫২৯) তারিখ: ২২.১০.২০২৩ খ্রি.

**বিষয়: ২০২৩-২৪ শিক্ষাবর্ষের ১১শ ও সমমান শ্রেণিতে নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদের নিকট হতে উপবৃত্তির জন্য আবেদনের লক্ষ্যে প্রয়োজনীয় তথ্যাদি অগ্রিম সংগ্রহকরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২৪ শিক্ষাবর্ষের ১১শ ও সমমান শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তি প্রাপ্তির আবেদন নির্ভুলভাবে তথ্য এন্ট্রি ও প্রক্রিয়াকরণের লক্ষ্যে প্রয়োজনীয় তথ্যাদি শিক্ষার্থী হতে অগ্রিম সংগ্রহ করা বিশেষ প্রয়োজন। HSP-MIS-এ উপবৃত্তির জন্য আবেদনের যোগ্য সকল শিক্ষার্থীর তথ্য HSP-MIS-এ এন্ট্রি করার প্রক্রিয়াটি স্বল্প সময়ের মধ্যে সুষ্ঠু ও নির্বিঘ্ন করার জন্য উপবৃত্তির নির্ধারিত আবেদন ফরম অনুযায়ী নিম্নবর্ণিত উদ্যোগসহ প্রয়োজনীয় তথ্যাদি শিক্ষার্থীদের থেকে অগ্রিম সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

- শিক্ষার্থী কর্তৃক সঠিকভাবে পূরনকৃত উপবৃত্তির আবেদন ফরম;
- শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সভাপতিত্বে গঠিত প্রাতিষ্ঠানিক পর্যায়ের আবেদন যাচাই-বাছাই কমিটি শিক্ষার্থীদের কাছ থেকে প্রাপ্ত আবেদনপত্রের তথ্যাদি যাচাই-বাছাই করবে। কমিটির সদস্যগণ প্রয়োজনে শিক্ষার্থীর বাড়ি পরিদর্শন করে আবেদনপত্রের তথ্যাদির সত্যতা যাচাই-বাছাই করবে। শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ের কমিটিতে উপকারভোগী নির্বাচনে কোনো অসত্য তথ্য প্রদান বা অনিয়ম করা হলে তা শাস্তিযোগ্য অপরাধ হিসাবে বিবেচিত হবে;
- শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদের ফটোকপি (১৭ সংখ্যা);
- পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা);
- পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা);
- এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও ফলাফলের ফটোকপি;
- শিক্ষার্থীর অভিভাবকের (পিতা/মাতা/অন্যান্য) জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে খোলা সচল/বৈধ মোবাইল ব্যাংকিং অথবা ব্যাংক একাউন্ট নম্বর;
- একই মোবাইল ব্যাংকিং অথবা ব্যাংক একাউন্ট নম্বর একাধিক শিক্ষার্থীর ক্ষেত্রে ব্যবহার না করা;
- পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম প্রদান করতে হবে। অভিভাবক হিসাবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে মাতার নাম প্রদান করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে অভিভাবক হিসাবে নির্বাচিত করলে তাঁর জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম প্রদান করতে হবে;
- স্কুল ব্যাংকিং/এজেন্ট ব্যাংকিং এর ক্ষেত্রে যার নামে একাউন্ট খোলা হয়েছে হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম এন্ট্রি করতে হবে। এজেন্ট ব্যাংকিং একাউন্ট নম্বর ব্যবহার করার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংকের এজেন্ট ব্যাংকিং শাখার নাম প্রদান করতে হবে;

➢ প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন শিক্ষার্থীরা এ উপবৃত্তি কর্মসূচির আওতাভুক্ত হবে না;

➢ সরকারি অন্য কোন উৎস হতে মেধাবৃত্তি/উপবৃত্তি/শিক্ষাভাতা পেয়ে থাকলে উক্ত শিক্ষার্থী আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবে;

➢ উপবৃত্তির জন্য শিক্ষার্থীর তথ্য HSP-MIS-এ এন্ট্রি করলেই উপবৃত্তি প্রাপ্তির নিশ্চিয়তা প্রদান করে না। আবেদনকারী শিক্ষার্থী প্রদত্ত তথ্যাদি HSP-MIS এর মাধ্যমে বিশ্লেষণ করে উপবৃত্তি প্রাপ্তির জন্য কেন্দ্রীয়ভাবে শিক্ষার্থী নির্বাচন করা হয়।

**সংযুক্তি: উপবৃত্তির আবেদন ফরম।**

22/৮/১৮

**(মোহাম্মদ আসাদুল হক)**
স্কিম পরিচালক (যুগ্মসচিব)
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

**উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা**
সকল উপজেলা/থানা।

**অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০২। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৩। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৪। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৫। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৬। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৭। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
০৯। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
১০। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, স্কিমভুক্ত উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।
১১। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**

সমন্বিত উপবৃত্তি কর্মসূচি

বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯

www. pmeat.gov.bd

**(শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক আবেদন ফরম শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে বিতরণ করতে হবে।)**

## শিক্ষার্থী আবেদন ফরম

ছবি

**ভর্তির শিক্ষাবর্ষ: ২০২৩-২৪** **অর্থ বছর: ২০২৩-২০২৪**

### ব্যক্তিগত তথ্য

**শিক্ষার্থীর নাম (বাংলা):** ______ **শিক্ষার্থীর নাম (ইংরেজি):** ______

**পিতার এনআইডি:** ______ **পিতার জন্ম তারিখ:** ______

**(১০ অথবা ১৭ ডিজিট)**

**পিতার নাম (বাংলা):** ______ **পিতার নাম (ইংরেজি):** ______

**মাতার এনআইডি:** ______ **মাতার জন্ম তারিখ:** ______

**(১০ অথবা ১৭ ডিজিট)**

**মাতার নাম (বাংলা):** ______ **মাতার নাম (ইংরেজি):** ______

**শিক্ষার্থীর জন্ম সনদ নম্বর: (১৭ ডিজিট)** ______ **শিক্ষার্থীর জন্ম তারিখ:** ______

**শিক্ষার্থীর জেন্ডার: পুরুষ / মহিলা / তৃতীয় লিঙ্গ (তৃতীয় লিঙ্গ হলে প্রমাণপত্র সংযুক্ত করতে হবে)**

**স্থায়ী ঠিকানা:**

| | | | |
|---|---|---|---|
| বিভাগ | | ইউনিয়ন | |
| জেলা | | ওয়ার্ড নং | |
| উপজেলা | | পোস্ট-কোড | |
| পৌরসভা | | ঠিকানা | |

## শিক্ষা সংক্রান্ত তথ্য:

পূর্ববর্তী শিক্ষাগত তথ্য:

| | | | |
|---|---|---|---|
| বিভাগ | | পূর্ববর্তী শ্রেণী | |
| জেলা | | পূর্ববর্তী পরীক্ষার নাম | |
| উপজেলা | | রেজিষ্ট্রেশন নং (১১শ শ্রেণির জন্য) | |
| পৌরসভা | | ফলাফল (জিপিএ) (১১শ শ্রেণির জন্য) | |
| বোর্ড | | উত্তীর্ণ হওয়ার বছর | |
| প্রতিষ্ঠানের নাম | | | |

বর্তমান শিক্ষাগত তথ্য:

| | | | |
|---|---|---|---|
| বিভাগ | | শ্রেণী | |
| জেলা | | বিভাগ (গ্রুপ) | |
| উপজেলা | | শাখা | |
| পৌরসভা | | রোল | |
| প্রতিষ্ঠানের নাম | | | |

## অভিভাবকের তথ্য:

| | | | |
|---|---|---|---|
| সম্পর্ক: (পিতা/মাতা/অন্যান্য) | | জন্ম সনদ নম্বর | |
| অভিভাবকের এনআইডি (১০ অথবা ১৭ ডজিটি) | | জন্ম তারিখ | |
| নাম (বাংলা) | | নাম (ইংরেজি) | |
| পেশা | | মোবাইল | |
| ই-মেইল(যদি থাকে) | | | |

## অভিভাবকের স্থায়ী ঠিকানা:

| | | | |
|---|---|---|---|
| বিভাগ | | ইউনিয়ন | |
| জেলা | | ওয়ার্ড নং | |
| উপজেলা | | পোস্ট-কোড | |
| পৌরসভা | | ঠিকানা | |

## সিলেকশন ক্রাইটেরিয়া (টিক দিতে হবে)

১। কে আবেদনকারীর পড়ালেখার খরচ বহন করে? (মা /বাবা /মা-বাবা ব্যতীত অন্য অভিভাবক)।

২। আবেদনকারী কি বাংলাদেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর পরিবারের সদস্য? (হ্যাঁ/না) (হ্যাঁ হলে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নাম ................)।

৩। আবেদনকারী কি মুক্তিযোদ্ধার প্রজন্ম? (হ্যাঁ/না) (হ্যাঁ হলে বীর মুক্তিযোদ্ধার নাম ও সম্পর্ক এবং প্রমাণপত্র দিতে হবে।)

বীর মুক্তিযোদ্ধার নাম: ........................................................................। সম্পর্ক: ..................................।

৪। অভিভাবকের শিক্ষাগত যোগ্যতা (নিরক্ষর/ স্নাতক পর্যায়ে নিম্নে/স্নাতক বা তদুর্ধ্ব)।

৫। অভিভাবকের স্বামী/স্ত্রীর শিক্ষাগত যোগ্যতা (এস.এস.সি/ সমমানের নিম্নে/ সমমান বা তদুর্ধ্ব)।

৬। আবেদনকারী কি সরকারি কোনো উৎস থেকে উপবৃত্তি/শিক্ষাভাতা পান? (হ্যাঁ/না)।

৭। আবেদনকারীর কি কোনো শারীরিক প্রতিবন্ধিতার কার্ড আছে? (হ্যাঁ/না) (হ্যাঁ হলে প্রমাণপত্র দিতে হবে)।

৮। আবেদনকারীর অভিভাবকের কি কোনো শারীরিক প্রতিবন্ধিতার কার্ড আছে? (হ্যাঁ/না) (হ্যাঁ হলে প্রমাণপত্র দিতে হবে)।

৯। আবেদনকারীর বাবা-মা ব্যতীত পরিবারের অন্য কোনো সদস্য জন্মগতভাবে/দীর্ঘমেয়াদী শারীরিক/মানসিক রোগে ভুগছেন? (হ্যাঁ/না) (হ্যাঁ হলে প্রমাণপত্র দিতে হবে)।

১০। আবেদনকারী কি জন্মগতভাবে দীর্ঘমেয়াদী কোনো রোগে ভুগছেন? (হ্যাঁ/না) (হ্যাঁ হলে প্রমাণপত্র দিতে হবে)।

১১। আবেদনকারীর অভিভাবক কি জন্মগতভাবে/দীর্ঘমেয়াদী কোন রোগে ভুগছেন? (হ্যাঁ/না) (হ্যাঁ হলে প্রমাণপত্র দিতে হবে)।

১২। আবেদনকারীর মা-বাবা-অভিভাবকের সুনির্দিষ্ট কোনো মাসিক আয়ের উৎস আছে? (হ্যাঁ/না)।

১৩। আবেদনকারীর অভিভাবকের শহরে/গ্রামীণ এলাকায় মাসিক সুনির্দিষ্ট আয়ের উৎস আছে? (শহরে/গ্রামে)।

১৪। পরিবারের কয়জন সদস্য চাকুরি করেন? (কেউ না/একজন/দুইজন/দুইজনের অধিক)।

১৫। আবেদনকারীর অভিভাবক কোনো উৎস থেকে কি কোনো আয় করেন? (না/দোকান/হাঁস-মুরগীর খামার/পরিবহণ ব্যবসা/মৎস্য খামার/কৃষিকাজ/অন্যান্য)।

১৬। মা-বাবা দুজনেই/একজন জীবিত আছেন/একজনও জীবিত নেই (দুইজন জীবিত/একজন জীবিত/কেউ জীবিত নেই)।

১৭। আঠারো বছরের নীচে পরিবারের সদস্য সংখ্যা (দুই অথবা দুই এর নিচে/দুই এর অধিক)।

১৮। আবেদনকারী কোন এলাকায় বাস করে? (পাহাড়ি এলাকা/হাওড়/চর/বস্তি এলাকা/প্রাক্তন ছিটমহল/সমতল) (প্রাক্তন ছিটমহল হলে প্রমাণপত্র দিতে হবে)।

১৯। আবেদনকারীর বাড়িতে কয়টি কক্ষ আছে? (একটি/দুইটি/তিনটি/তিনের অধিক)।

২০। আবেদনকারীর বাড়িতে কি বিদ্যুৎ আছে? (হ্যাঁ/না)।

২১। আবেদনকারীর বাড়িতে কোন ধরনের টয়লেট আছে? (পাকা/কাঁচা)।

২২। আবেদনকারীর বাড়িতে কি কোন টেলিভিশন আছে? (হ্যাঁ/না)।

২৩। আবেদনকারীর বাড়িতে কিসে রান্না হয়? (গ্যাস/বিদুৎ/কাঠ/খড়কুটো/গোবর ঘুঁটে)।

২৪। আবেদনকারীর বাড়ির মেঝে কী দিয়ে তৈরি? (মাটি/মাচাং/সিমেন্ট/টাইলস/অন্যান্য)।

২৫। আবেদনকারীর বাড়ির কক্ষের দেয়াল কী দিয়ে তৈরি? (মাটি/পাটকাঠি/বাঁশ/টিন/কাঠ/ইট)।

২৬। আবেদনকারীর বাড়ির ছাদ কী দিয়ে তৈরি? (ছন/গোলপাতা/খড়/টিন/মাটির টাইলস/কাঠ/আর.সি.সি/জি.আই.সিট)।

২৭। আবেদনকারীর অভিভাবকের মালিকানায় মোট জমির পরিমাণ (ভূমিহীন/১০ শতাংশের নীচে/উপরে)।

২৮। আবেদনকারীর অভিভাবকের কোন কোন কার্ড আছে? (ভিজিডি/ভিজিএফ/বয়স্ক ভাতার কার্ড/বিধবা ভাতার কার্ড/স্বামী পরিত্যক্তা কার্ড) (থাকলে প্রমাণপত্র দিতে হবে)।

## পেমেন্টের তথ্য:

| পেমেন্টের ধরন | মোবাইল ব্যাংকিং একাউন্ট |
|---|---|
| মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী (রকেট/বিকাশ/শিওর ক্যাশ/নগদ/উপায়/এম ক্যাশ) | |
| হিসাবধারীর নাম (অভিভাবকের নামের বানান একাউন্ট এর সাথে হুবহু মিল থাকতে হবে) | |
| একাউন্ট নম্বর/হিসাব নং | |
| একাউন্ট হোল্ডারের এনআইডি (১০ অথবা ১৭ ডিজিট) | |

অথবা

| পেমেন্টের ধরন | অনলাইন ব্যাংক একাউন্ট |
|---|---|
| ব্যাংকের নাম | |
| শাখার নাম | |
| হিসাবের ধরণ (সঞ্চয়ী হিসাব/চলতি হিসাব) | |
| হিসাবধারীর নাম (হিসাবধারীর নামের বানান একাউন্ট এর সাথে হুবহু মিল থাকতে হবে) | |
| একাউন্ট নম্বর/হিসাব নং | |
| একাউন্ট হোল্ডারের এনআইডি (১০ অথবা ১৭ ডিজিট) | |

(উপবৃত্তির জন্য শিক্ষার্থীর তথ্য HSP-MIS-এ এন্ট্রি/আবেদন করলেই উপবৃত্তি প্রাপ্তির নিশ্চিয়তা প্রদান করে না।)